বাংলার বাণী

তারিখ ... 23 SEP 1991
পৃষ্ঠা ... ৫ ... কলাম ৬ ...

২৪

# নানা সমস্যায় ব্রাহ্মণবাড়িয়া মহিলা কলেজে সুষ্ঠু শিক্ষাদান ব্যাহত

ব্রাহ্মণবাড়িয়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান, জেলার একমাত্র সরকারী মহিলা কলেজটি শিক্ষক সংকটসহ বিভিন্ন সমস্যায় জর্জরিত।

১৯৬৪ সালে কলেজটি প্রতিষ্ঠিত হওয়ার প্রায় ২০ বছর পর ১৯৮৪ সালে কলেজটি সরকারীকরণ করা হয়। সরকারীকরণের সময় যত শিক্ষক-শিক্ষিকার পদ ছিল সেগুলোই সরকার অনুমোদন করেন।

এনাম কমিশনের সুপারিশে বিভিন্ন সরকারী কলেজে নতুন পদের সৃষ্টি হলেও আজ পর্যন্ত এই কলেজে কোন নতুন পদ সৃষ্টি হয়নি। অধ্যক্ষ ব্যতীত ২৩ জন শিক্ষকের মধ্যে বর্তমানে ৭টি পদ শূন্য রয়েছে। তন্মধ্যে ৪ জন সহকারী অধ্যাপক ও ৩ জন প্রভাষক রয়েছে। এ ছাড়া পদার্থ বিজ্ঞান ও ইংরেজী বিভাগে মাত্র ১ জন করে শিক্ষক রয়েছে। পদার্থ ও জীববিজ্ঞান বিভাগে কোন শিক্ষক নেই। কলেজের উপাধ্যক্ষের পদও দীর্ঘ দিন যাবত শূন্য। তৃতীয় শ্রেণীর ৪ জন কর্মচারীর মধ্যে মাত্র ২জন রয়েছে। ৪র্থ শ্রেণীর ১২জন কর্মচারীর মধ্যে ১০ জন আছে।

ছাত্রী নিবাস অথবা কলেজের জন্য কোন নৈশপ্রহরী এবং সুইপারের কোন পদ সৃষ্টি হয়নি। একটি ক্ষুদ্রাকার ভবনে ছাত্রীদের ক্লাস নেয়া হয়। অধ্যক্ষের কক্ষ, অফিস শিক্ষক মিলনায়তন গ্রন্থাগার টিনশেডে অবস্থিত। ছাত্রীদের জন্য কোন কমন রুম নেই। কলেজের ত্রিতল একাডেমীক ভবন সংলগ্ন দু'টি জলাশয় রয়েছে। বর্ষা মওসুমে পাড় ভাঙ্গার ফলে ভবনটির এক পার্শ্ব হুমকির সম্মুখীন। জলাশয় মাটি ফেলে ভরাট করলে ছাত্রীদের খেলাধুলা ও চলাচলের উপযুক্ত স্থান সংকুলান হবে।

কলেজের একমাত্র ছাত্রী নিবাসটিতে প্রয়োজনের দ্বিগুণ ছাত্রী অবস্থান করায় সুষ্ঠুভাবে ছাত্রীরা পড়াশুনা করতে পারছেনা। জরাজীর্ণ ছাত্রীনিবাসটিতে স্থান সংকুলান না হওয়ায় সকাল ও সন্ধ্যায় বারান্দায় এমনকি গাছ তলায় বসে পড়াশুনা করতে হয়।

কলেজে প্রয়োজনীয় জায়গা থাকা সত্ত্বেও অর্থাভাবে ছাত্রীনিবাস তৈরি করা সম্ভব হচ্ছে না।

32